



প্রতিবাদে প্রতিরোধে আবেদনে

# বাংলার মন



ক্রমসংখ্যা:

তারিখ: ২৯/০৩/২০২২

## আবেদন

আজ পশ্চিমবঙ্গের মানুষ এক কঠিন অবস্থার মধ্য দিয়ে চলেছে। হিংসা-বিদ্বেষ এবং দলীয় সঙ্কীর্ণতা বাঙালির সংস্কৃতিকে বিকৃত করেছে। এই সংস্কৃতি জীবন বিমুখ ও জীবন বিরোধী। পূর্বতন শাসক দলের ভোট জালিয়াতির রাজনীতি আজও অব্যাহত। এই রাজনীতির কারিগরদের হাতে যারা বন্দী তারা ই প্রশ্রয় লাভ করে বালি খাদান কয়লা খাদান ও গোরু পাচার সহ বেআইনি কাজকর্ম করতে। আর সেই টাকার ভাগ বাটোয়ারা নিয়ে কায়েমি স্বার্থের দ্বন্দ্বের ফলে সাধারণ মানুষের জীবন দুর্ভিক্ষ হয়ে উঠছে। অতি সম্প্রতি বীরভূমের বগটুইয়ে ১০/১২ জনের নৃশংস হত্যাকাণ্ড এই বীভৎস রাজনীতির সাক্ষ্য। এই নৃশংসতার শিকার নারী ও শিশুরা। পুলিশ ও প্রশাসন ছিল স্থবির। আমরা এই ঘটনার তীব্র নিন্দা করি। গত ৭ দিনে সবমিলিয়ে রাজ্যে খুন হয়েছে ২৭ জন মানুষ। তারা যে দলের বা যে গোষ্ঠীর ই হোক না কেন তা সাধারণ মানুষের কাছে ভয়াবহ আতঙ্ক সৃষ্টি করেছে। পুলিশ প্রশাসনের প্রতি মানুষের আস্থা চলে যাচ্ছে। স্থানীয় নেতারা পরস্পরকে দোষারোপ করতে ব্যস্ত। মন্ত্রীরা ব্যর্থ। সর্বত্র মুখ্যমন্ত্রীকেই ছুটে যেতে হচ্ছে। আমরা মনে করি এটা প্রশাসনের স্বাভাবিক ব্যবস্থা নয়। এই অবস্থার অবিলম্বে অবসান ঘটাতে হবে। আর তার জন্য সকলের আগে বেআইনি অর্থ উপার্জনের উৎসগুলিকে বন্ধ করতে হবে। অনুরূপ ভাবে শিক্ষা ও শিক্ষক নিয়োগ নিয়ে যে বিপুল দুর্নীতি চলছে বছরের পর বছর ধরে আমরা সে বিষয়েও গভীর উদ্বেগ। একটা সভ্য সরকারের কাছে মানুষ তা আশা করে না।

গতকাল বিধানসভার অভ্যন্তরে যে কাণ্ড ঘটলো তাতে এটা পরিষ্কার রাজ্যে সুস্থ সাংবিধানিক অবস্থা বজায় নেই, আমরা এই ঘটনারও তীব্র নিন্দা করি।

এসব বিষয়ে আমরা মাননীয় রাজ্যপাল, মাননীয় মুখ্যমন্ত্রী এবং ভারতবর্ষের প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে কোন ব্যবস্থা গ্রহণ না করলে পশ্চিমবঙ্গ অগ্নিময় হয়ে উঠবে এবং বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্ম ভয়াবহ ক্ষতির সম্মুখীন হবে।

নিবেদনে,

মানস ঘোষ, পুলক নারায়ন ধর, ড: বানীপদ সাহা (প্রাক্তন আইপিএস), পৃথ্বীরাজ সেন, পাপিয়া অধিকারী, কাজী মাসুম আখতার (পদ্মশ্রী সম্মানে সম্মানিত), ড: অরুনোদয় মন্ডল (পদ্মশ্রী সম্মানে সম্মানিত), সুপ্রিয় বন্দ্যোপাধ্যায়, জয়দীপ চট্টোপাধ্যায়, রুবি মুখার্জী, বান্টু বড়াইক, বলাই চক্রবর্তী (প্রাক্তন আমলা), কমলেন্দু মৈত্র, অরুণ রায় (চিত্রপরিচালক), রমেশ কুমার হান্ডা (প্রাক্তন আইপিএস), বিমল শঙ্কর নন্দ, রেমো আর, সাধন তালুকদার এবং দীপ্তিমান বসু ও অন্যান্যরা।